আমাদের রব স্বীয় নলা/পায়ের গোছা উন্মুক্ত করবেন। তখন প্রত্যেক মুমিন নারী ও পুরুষ তাকে সেজদা করবে। তবে তারা বাকী থাকবে যারা দুনিয়াতে লোক দেখানো ও সুনামের জন্য সাজদাহ করত। তারা সাজদাহ করতে চেষ্টা করবে কিন্তু তাদের পিঠ একটি কাটের তখতের মতো হয়ে ফিরে আসবে।

আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, আমাদের রব স্বীয় নলা/পায়ের গোছা উন্মুক্ত করবেন। তখন প্রত্যেক মুমিন নারী ও পুরুষ তাকে সেজদা করবে। তবে তারা বাকী থাকবে যারা দুনিয়াতে লোক দেখানো ও সুনামের জন্য সাজদাহ করত। তারা সাজদাহ করতে চেষ্টা করবে কিন্তু তাদের পিঠ একটি কাটের তখতের মতো হয়ে ফিরে আসবে।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহ তা‘আলা তার সম্মানিত নলা/পায়ের গোছাকে উম্মুক্ত করবেন। তখন প্রত্যেক মুমিন পুরুষ ও নারী তাকে সাজদাহ করবে। কিন্তু মুনাফিক যারা দুনিয়াতে লোক দেখানোর জন্য সাজদাহ করত, তাদের সাজদাহ থেকে বিরত রাখা হবে। তাদের পিটকে একটি কাট বানিয়ে দেওয়া হবে, ফলে তারা মাথা ঝুকাতে এবং সেজদা করতে পারবে না। কারণ, দুনিয়াতে তারা সত্যিকার অর্থে আল্লাহর জন্য সাজদাহ করত না। বরং তারা প্রার্থিব উদ্দেশ্যে সাজদাহ করত। আল্লাহর নলা বা পায়ের গোছাকে তার কঠোরতা বা মুসিবত ইত্যাদি দ্বারা ব্যাখ্যা করা বৈধ হবে না। বরং কোনো প্রকার ধরন ও দৃষ্টান্ত এবং কোনো প্রকার বিকৃতি ও অকার্যকর করা ছাড়া আল্লাহর জন্য সিফাত সাব্যস্ত করা ওয়াজিব।

https://sunnah.global/hadeeth/bn/show/8291